

■ সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৪৮৯

২১/ বিবিধ বিধান ও তার উপকারিতা (كتاب الأحكام والفوائد)

পরিচ্ছেদঃ সাপ হত্যা

بَابٌ مَا جَاءَ فِي قَتْلِ الْحَيَّاتِ

আরবী

حَدَّثَنَا قُتَيْبَةُ، حَدَّثَنَا الْلَّيْثُ، عَنِ ابْنِ شِهَابٍ، عَنْ سَالِمِ بْنِ عَبْدِ اللَّهِ، عَنْ أَبِيهِ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ "اقْتُلُوا الْحَيَّاتِ وَاقْتُلُوا ذَا الْطُفْيَّيْتِينَ وَالْأَبْتَرَ فَإِنَّهُمَا يَلْتَمِسَانِ الْبَصَرَ وَيُسْقِطَانِ الْحَبَلَ" . قَالَ وَفِي الْبَابِ عَنِ ابْنِ مَسْعُودٍ وَعَائِشَةَ وَأَبِي هُرَيْرَةَ وَسَهْلِ بْنِ سَعْدٍ . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . وَقَدْ رُوِيَ عَنِ ابْنِ عُمَرَ عَنْ أَبِي لُبَابَةَ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ نَهَى بَعْدَ ذَلِكَ عَنْ قَتْلِ حَيَّاتِ الْبَيْوَتِ وَهِيَ الْعَوَامِرُ وَيُرُوَى عَنِ ابْنِ عُمَرَ عَنْ زَيْدِ بْنِ الْخَطَّابِ أَيْضًا . وَقَالَ عَبْدُ اللَّهِ بْنُ الْمُبَارَكِ إِنَّمَا يُكْرَهُ مِنْ قَتْلِ الْحَيَّاتِ قَتْلُ الْحَيَّةِ الَّتِي تَكُونُ دَقِيقَةً كَأَنَّهَا فِضَّةٌ وَلَا تَلْتَوِي فِي مِشِّيَّتِهَا .

বাংলা

১৪৮৯। কুতায়বা (রহঃ) ... সালিম ইবনু আবদুল্লাহ তার পিতা আবদুল্লাহ রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, তোমরা সাপ হত্যা করবে। তোমরা দু' দাগ ও ক্ষুদ্র লেজ বিশিষ্ট সাপ হত্যা করবে। কেননা, এগুলো চোখের জ্যোতি নষ্ট করে এবং গর্ভপাত ঘটায়। সহীহ, নাসাই, তিরমিজী হাদিস নম্বরঃ ১৪৮৩ [আল মাদানী প্রকাশনী]

এ বিষয়ে ইবনু মাসউদ, আয়িশা, আবু হুরায়রা ও সাহল ইবনু সাদ রাদিয়াল্লাহু আনহুম থেকেও হাদিস বর্ণিত আছে। ইমাম আবু উস্তা (রহঃ) বলেন, এই হাদিসটি হাসান-সহীহ। ইবনু উমার রাদিয়াল্লাহু আনহু-আবু লুবাব রাদিয়াল্লাহু আনহু সূত্রে বর্ণিত আছে যে, পরবর্তীতে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ঘরে বসবাসকারী সাপ মারতে নিষেধ করেছেন। ইবনু উমার রাদিয়াল্লাহু আনহু-যায়দ ইবনুল খাতাব রাদিয়াল্লাহু আনহু সূত্রেও এ বিষয়ে রিওয়ায়ত আছে। আবদুল্লাহ ইবনুল মুবারক (রহঃ) বলেন, সে সাপ হত্যা করা নিষিদ্ধ যেগুলো ছোট দেখতে রূপার ন্যায় চলার সময় আঁকা বাঁকা চলে না।

English

Narrated Ibn 'Umar:

That the Messenger of Allah (ﷺ) said: "Kill snakes and kill Dhut-Tufyatain and Al-Abtar, because they blind the sight and cause abortions of fetuses."

হাদিসের মান: সহিহ (Sahih) পুঁঁজিরীকৃত

পাবলিশার: ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারী: সালিম ইবনু 'আবদুল্লাহ (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=21998>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন